

ঢাকা ওয়াসা

- (১) এস ও বিভাগের ২০২৬-২০২৭ অর্থ-বছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) এস ও বিভাগের ২০২৬-২০২৭ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) প্রাক্কলন।

বিষয়ঃ Replacing of wheel of mobile generator under SOC division, Dhaka WASA (A) কাজ প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং- ০১ হতে ০৪ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১৩৪১ টি পানির পাম্প রয়েছে। এই সব পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। পানি উৎপাদনের জন্য পাম্পগুলোতে বিদ্যুৎ সংযোগের প্রয়োজন হয়। কিন্তু বিভিন্ন ক্ষেত্রে বিদ্যুৎ বিভ্রাটকালীন সময়ে নিরবচ্ছিন্ন ভাবে পানির পাম্প সচল রাখার জন্য জেনারেটরের সহায়তা নেওয়ার প্রয়োজন হয়। এছড়াও নতুন পানির কূপ সচল করার কালে বিদ্যুৎ সংযোগ হওয়ার পূর্ব পর্যন্ত জেনারেটরের সাহায্যে পানির পাম্প সচল রেখে গ্রাহকদেরকে পানি সরবরাহ করা হয়। এসকল ক্ষেত্রে মডস জোন সমূহের চাহিদার প্রেক্ষিতে এবং ওয়াসা কর্তৃপক্ষের নির্দেশনাক্রমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য চাহিদাকৃত পানির পাম্প সমূহে এস ও সি বিভাগ হতে মোবাইল জেনারেটর সরবরাহ করা হয়। এসকল মোবাইল জেনারেটর ঢাকা যুক্ত হওয়ায়, এস ও সি বিভাগ হতে স্বল্পতম সময়ে মোবাইল জেনারেটর নির্দিষ্টকৃত পানির পাম্পে সংযোজনের মাধ্যমে নিরবচ্ছিন্ন ভাবে পানির পাম্প সচল রাখার ব্যবস্থা করা সম্ভব হয়। কিন্তু বর্তমানে অত্র বিভাগে বিদ্যমান মোবাইল জেনারেটরগুলি দীর্ঘদিনের ব্যবহারের কারণে কয়েকটি ঢাকা ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রয়োজনীয় সময়ে স্থানান্তর করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। কয়েকটি ঢাকা পরিবর্তন করা হলে মোবাইল জেনারেটরগুলি পুনরায় সাবলীল ভাবে ব্যবহার উপযোগী হবে। এতদবিষয়ে পূর্বানুমোদিত দরের উপর ভিত্তি করে মোবাইল জেনারেটরের ঢাকা পরিবর্তন করার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রঃ নং-০৪)। যাতে ঢাকার অংক এসেছে টাঃ ৪৮,৮০০/= (আটচল্লিশ হাজার আটশত) টাকা মাত্র (ক্রঃ নং-০৪)।

০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৬-২০২৭ অর্থ-বছরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয় “জেনারেটর রক্ষণাবেক্ষণ” কোড নং-০১-০৪-০১০ খাত হতে (ক্রঃ নং-০১) এবং ২০২৬-২৭ ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার S.L-29 এর Package No: LS-GM (থোক বরাদ্দ) (ক্রঃ নং-০২) হতে নির্বাহ করা হবে।

০৩। এমতাবস্থায়, বিভাগীয় কাজের স্বার্থে - Replacing of wheel of mobile generator under SOC division, Dhaka WASA (A) কাজটির জন্য উপস্থাপিত টাঃ ৪৮,৮০০/= (আটচল্লিশ হাজার আটশত) মাত্র ঢাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2025 এর ধারা ৯৯(১) (ড) মোতাবেক (DPM) পদ্ধতি হিসেবে ঠিকাদার 52'International এর সাথে সরাসরি চুক্তির ভিত্তিতে কাজটি সম্পাদন করার নিমিত্ত ঢাকা ওয়াসার প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

০৭/০৭/২৬
মোঃ হাসিব করির
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

০৭/০৭/২০২৬
মুহাঃ মাহবুব আলম আল আজাদ
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

০৭-০৭-২৬
সম্মান হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

০৭/০৭/২৬
সি.এম.এ. হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

C/E

১৬.০৭.২০২৬
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE/SMWC